## রূপসা উপজেলার আইসিটি কমিটির অক্টোবর/২০১৯ মাসের মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : নাসরিন আক্তার, উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।
স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন, রূপসা, খুলনা।
তারিখ : ১৪ অক্টোবর ২০১৯ খ্রিঃ।
সময় : সকাল - ১০.৩০ ঘটিকা।
উপস্থিতি : পরিশিষ্ট - 'ক' (স্বাক্ষরের ক্রমানুসারে)

উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। এরপর উপজেলা পর্যায়ে আইসিটির কার্যক্রম কিভাবে সুসম্পন্ন করা যায় এবং বর্তমান সরকার ঘোষিত রূপকল্প - ২০২১ বাস্তবায়নে তথা 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার পরিকল্পনা সফল করার বিষয়ে সকলের মতামত উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়। এছাড়া উপজেলা পর্যায়ে ডিজিটাল পদ্ধতিতে কিভাবে সেবার মান আরো উন্নত করা যায় সে সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

### ২.১। উপজেলাও ইউনিয়ন পোর্টাল সংক্রান্ত :

উপজেলা ও ইউনিয়ন পোর্টাল হাল নাগাদকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। রূপসা উপজেলা ওয়েব পোর্টালে সম্পূর্ণতার হার ১০০%। তাছাড়া প্রতিনিয়ত বিভিন্ন তথ্য আপডেট করা হচ্ছে। ইউনিয়ন ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট করার জন্য সভাপতি কর্তৃক উদ্যোক্তাদের দৃষ্টি আকর্ষন করা হয়। কোন প্রকার সমস্যা হলে সহকারী প্রোগ্রামার ও উপজেলা টেকনিশিয়ানের সাথে যোগাযোগ করার অনুরোধ জানানো হয়।
সিদ্ধান্ত : ইউনিয়নের ওয়েব পোর্টাল গুলোতে যে অসম্পূর্ণতা রয়েছে তা দ্রুত সম্পন্ন করা এবং ওয়েব পোর্টালে নিয়মিত তথ্য আপডেট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : সহকারী প্রোগামার, রূপসা, খুলনা, উপজেলা টেকনিশিয়ান, উদ্যোক্তা (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টার, রূপসা, খুলনা।

### ২.২। ইউডিসি আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোড ঃ

রূপসা উপজেলার ৫টি ইউডিসির নারী ও পুরুষ উদ্যোক্তাদের আয়ের তথ্য নিয়মিত আপলোড করা হয়েছে এবং উপজেলা নির্বাহী অফিসারের আইডি দিয়ে নিয়মিত মনিটরিং করা হচ্ছে। অকোটাবর ১৯ মাসে রূপসা উপজেলার ৫টি ইউডিসির মোট আয় : ১,১৭,৯০০ টাকা ও সেবা প্রদানকারীর সংখ্যা : ১১,৭৯০ জন। গত মাসের তুলনায় আয় বৃদ্ধি পেয়েছে। তবে জনগণ রূপসার ৫টি ইউডিসি থেকে নিয়মিত সেবা পাচ্ছে বলে সকল ইউডিসি উদ্যোক্তাদের ধন্যবাদ প্রদান করা হয়। তিনি আরো বলেন সর্বদা দ্রুত জনগনকে বিনা ভোগান্তিতে সেবা প্রদান করতে হবে। সর্বপ্রকার অনলাইন সেবা প্রদানের জন্য দক্ষ হতে হবে। কোন উদ্যোক্তার দক্ষতা কম থাকলে তিনি উপজেলা টেকনিশিয়ানের কাছ থেকে প্রশিক্ষণ গ্রহণ করে দ্রুত দক্ষ হয়ে উঠবেন। উপজেলা পর্যায়ে উপজেলা ডিজিটাল সেন্টার চালু করা হয়েছে। সেখানে জনগণকে যাবতীয় সেবা প্রদান করা হচ্ছে। সেখানে সার্বক্ষণিক দায়িত্বে প্রশিক্ষক আছেন। জনগণকে যে কোন সেবা প্রদানের সমস্যা হলে পরামর্শ গ্রহণের জন্য উপজেলা ডিজিটাল সেন্টারে দায়িত্বরত প্রশিক্ষকের সাথে যোগাযোগ করা যেতে পারে।
সিদ্ধান্ত : জনগণকে বিনা ভোগান্তিতে দ্রুত সেবা প্রদান, প্রতিদিনের আয়ের তথ্য ওয়েবসাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : ইউডিসি উদ্যোক্তা (সকল), রূপসা, খুলনা।

### ২.৩। অনলাইনে রেকর্ড রুম হতে পর্চা সরবরাহ :

রূপসা উপজেলার ৫টি ইউডিসি সেন্টারের মধ্যে শ্রীফলতলা, ঘাটভোগ ইউডিসি সেন্টার হতে পর্চা সরবরাহের কাজ চলমান আছে। আইচগাতী, নৈহাটি ও টিএসবি ইউনিয়নে পর্চা সরবরাহের কাজ চালু করার জন্য সভায় আলোচনা করা হয়। তবে এ বিষয়ে ব্যাপক প্রচার প্রচারণার ব্যবস্থা করে জনগণকে অবহিত করা যেতে পারে। এ বিষয়ে কোন সমস্যা হলে সহকারী কমিশনার (ভূমি) রূপসা, খুলনার সাথে যোগাযোগ করার জন্য সভায় আলোচনা করা হয়। ০১ অক্টোবর/১৮ থেকে রূপসা উপজেলার নামজারির কাজ অনলাইনে চালু হয়েছে। এজন্য সহকারী কমিশনার (ভূমি)কে ধন্যবাদ জানানো হয়।
সিদ্ধান্ত : অনলাইনে পর্চার আবেদন সংগ্রহের জন্য ব্যাপকভাবে প্রচার প্রচারণা চালানো এবং জনগণকে অবহিত করার বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। তাছাড়া ভূমি ব্যবস্থাপনার ওয়েব সাইট থেকে পর্চা ডাউনলোড করে জনগণকে প্রদান করলে উদ্যোক্তাদের আয় ও জনগণের সেবা বৃদ্ধি পাবে।
বাস্তবায়নে : সহকারী কমিশনার (ভূমি), উদ্যোক্তা সকল ইউডিসি সেন্টার রূপসা, খুলনা।

### ২.৪ । ই- ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তি :

উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে ই-ফাইলিং এর কাজ চলমান রয়েছে। প্রতিনিয়ত ডাক, চিঠি আদান প্রদান, নিষ্পত্তি করণের কাজ চলমান রয়েছে।
সিদ্ধান্ত : নিয়মিত ই-ফাইলিং এর কাজ চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।
বাস্তবায়নে : উপজেলা সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা, সহকারী প্রোগামার, উপজেলা টেকনিশিয়ান রূপসা, খুলনা।

## ২.৫। সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্ত :

রূপসা উপজেলার unorupsha@gmail.com নামের যে ই-মেইল রয়েছে তাতে প্রতিনিয়ত মেইল আদান প্রদান কার্যক্রম চালু আছে। চলতি মাসে মেইল প্রাপ্তির সংখ্যা : ২২০ এবং প্রদানের সংখ্যা : ১৮০।

সিদ্ধান্ত : সরকারি ই-মেইলে প্রতিনিয়ত মেইল আদান প্রদান চালু রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : সহকারী প্রোগ্রামার, রূপসা, খুলনা।

## ২.৭। উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠান :

রূপসা উপজেলার আইসিটি কমিটির সভা প্রতি মাসের দ্বিতীয় সোমবার অনুষ্ঠিত হবে। সভায় সকল ইউডিসি উদ্যোক্তা, প্রধান শিক্ষক/সহকারি শিক্ষক/ কম্পিউটর শিক্ষক,মাধ্যমিক, প্রাথমিক বিদ্যালয় প্রধানদের সক্রিয় অংশগ্রহণ বাধ্যতামূলক করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত : প্রতি মাসে উপজেলা আইসিটি কমিটির মাসিক সভায় সংশ্লিষ্ট সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী প্রোগামার, উদ্যোক্তা সকল ইউডিসি, রূপসা, খুলনা।

## ২.১০। বিসিসি/আইসিটি অধিদপ্তর হতে শিক্ষা প্রতষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল :

রূপসা উপজেলায় বিসিসি কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব সংখ্যা ৫ টি। মাধ্যমিক শিক্ষা অফিসার, রূপসা, খুলনা জানান যে, উক্ত ল্যাবের মান অত্যাধুনিক এবং কম্পিউটার সরঞ্জামাদি সবগুলো সচল রাখাপূর্বক উক্ত ল্যাবে প্রতিনিয়ত শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন স্যারাদেশ শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্পের আওতায় অত্র উপজেলায় স্থাপিত শেখ রাসেল কম্পিউটর ও ভাষা প্রশিক্ষণ ল্যাব সংখ্যা ৪ টি। উক্ত ল্যাব গুলোতে ইতোমধ্যে শিক্ষার্থীদের কম্পিউটর ব্যবহার, ক্লাস গ্রহন ও প্রশিক্ষন কর্যক্রম চলমান রয়েছে। তাছাড়া চলতি মাসে উক্ত ল্যাবের আওতায় শিক্ষা প্রতিষ্ঠান গুলোতে দক্ষতা বৃদ্ধির জন্য প্রধান শিক্ষক, কম্পিউটার শিক্ষক ও প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী শিক্ষকদের প্রশিক্ষন প্রদানের ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

সিদ্ধান্ত : ল্যাব গুলোর সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ প্রতিনিয়ত পরিদর্শন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সহকারী প্রেগ্রোমার, রূপসা, খুলনা।

## ২.১২। মাল্টিমিডিয়া ক্লাস রুম পরিদর্শন সংক্রান্ত :

উপজেলার মাধ্যমিক পর্যায়ে প্রত্যটি শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে মাল্টিমিডিয়া ক্লাস রুম চালু রয়েছে। চলতি মাসে জেবিএম মাধ্যমিক বিদ্যালয়, পাথরঘাটা মাধ্যমিক বিদ্যালয়, রূপসা কলেজ ও নন্দনপুর দাখিল মাদ্রাসার মাল্টিমিডিয়া ক্লাস রুমের কার্যক্রম সবচেয়ে ভাল। আজগড়া মাধ্যমিক বিদ্যালয়, সরকারি বঙ্গবন্ধু কলেজ, জে,কে,এস মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও গাজী মেমোরিয়াল মাধ্যমিক বিদ্যালয়ের মাল্টিমিডিয়া ক্লাস রুমের কার্যক্রম সন্তোষজনক নহে। যে সকল শিক্ষ প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাস রুমের কার্যক্রম সন্তোষজনক নহে তাদের পারফরমেন্স বৃদ্ধি করার জন্য জোড় তাগিদ প্রদান করা হয়। এ বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য অধ্যক্ষ/ প্রধান শিক্ষক/ সুপারের দৃষ্টি আকর্ষন করা হয়।

সিদ্ধান্ত : মাল্টিমিডিয়া ক্লাস রুমের মাধ্যমে পাঠদান করে সঠিক ভাবে ক্লাস পরিচালনা হচ্ছে তা প্রতিনিয়ত পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণ, নিয়মিত ড্যাশবোর্ডে তথ্য আপলাড, প্রাথমিক বিদ্যালয় গুলোতে দ্রুত ক্লাস পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা মধ্যমিক/প্রাথমিক শিক্ষা অফিসার, সহকারী প্রেগ্রামার, একাডেমিক সুপার ভাইজার, অধ্যক্ষ, প্রধান শিক্ষক (সকল) রূপসা, খুলনা।

## ২.১৩। জনসেবায় ফেসবুক এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত :

উপজেলা প্রশাসন রূপসা নামের যে ফেসবুক আইডি আছে তাতে প্রতিনিয়ত বিভিন্ন দপ্তর/প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কার্যক্রমের ছবি, স্ট্যাটাস আপলোড কার্যক্রম চালু রয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা প্রশাসন, রূপসা নামে ফেসবুক আইডিতে প্রতিনিয়ত বিভিন্ন কার্যক্রমের পোস্ট আপলোড দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার, রূপসা, খুলনা।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য সমাপ্ত করা হয়।

( নাসরিন আক্তার )
উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলনা।

নং : ০৫.৪৪.৪৭৭৫.০০০.১২.০০১.১৯ - ৩৪৮-(৪৩)

তারিখ : ১৯/১২/১৯ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো :

১। জেলা প্রশাসক, খুলনা।
২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রূপসা, খুলনা।
৩। উপজেলা ---------------------------------- কর্মকর্তা, রূপসা, খুলনা।
৪। অধ্যক্ষ ---------------------------------- কলেজ, রূপসা, খুলনা।
৫। প্রধান শিক্ষক ---------------------------- মাধ্যমিক বিদ্যালয়, রূপসা, খুলনা।
৬। চেয়ারম্যান ------------------------------ (সকল) ইউনিয়ন পরিষদ, রূপসা, খুলনা।
৭। উদ্যোক্তা -------------------------------- (সকল) ইউনিয়ন পরিষদ, রূপসা, খুলনা।
৮। জনাব ------------------------------------ রূপসা, খুলনা।

উপজেলা নির্বাহী অফিসার
রূপসা, খুলন।